গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
সাচিবিক বিভাগ

নং: ২৮.০৩.০০০০.০০৮.৩০.০০৭.১০. ১০২৭ তারিখ: ২৪/০৩/২০২০

**বিষয়: করোনাভাইরাস এর সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ শহীদুল আলম, পরিচালক (অর্থ), বিপিসি। |
| সভার তারিখ | : | ২৩/০৩/২০২০ |
| সভার সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | : | বিপিসি'র প্রধান কার্যালয়, চট্টগ্রাম |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

০২। বিপিসি'র চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে গত ২৩/০৩/২০২০ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় বিপিসি'র প্রধান কার্যালয়ে করোনাভাইরাস এর সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয় সম্পর্কে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিপিসি'র পরিচালক (অর্থ) জনাব মোহাম্মদ শহীদুল আলম এর সভাপতিত্বে বিপিসি'র মহাব্যবস্থাপকগণ ও এর অধীনস্থ কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক, চিকিৎসকগণসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় করোনাভাইরাস এর সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয় বিষয়ে আলোকপাত করার জন্য বিপিসির সচিব-কে অনুরোধ করেন।

০৩। বিপিসি'র সচিব করোনাভাইরাস এর সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে বিপিসি ও এর অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য কর্পোরেশনের চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনার বিষয়টি সভাকে অবহিত করেন। চেয়ারম্যান মহোদয়ের পরামর্শক্রমে তিনি আরো জানান যে, এ পরিস্থিতির অবনতি ঘটলে গ্রুপ করে যথাসম্ভব কম জনবলের মাধ্যমে রোস্টার ভিত্তিতে দাপ্তরিক কাজ সম্পাদন করতে হবে। প্রয়োজনে কোম্পানিগুলো নিজস্ব ব্যবস্থাপনায় কোয়ারেন্টাইন/আইসোলেশন সেন্টার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহে কর্মরত চিকিৎসকগণ সন্দেহজনক কর্মকর্তা/কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যয় কোম্পানিসমূহের সিএসআর ফান্ড হতে নির্বাহ করার পরামর্শ প্রদান করেন।

০৪। কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকগণ সভাকে জানান যে, কোম্পানিসমূহ নিজ উদ্যোগে সন্দেহজনক কর্মকর্তা/কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের জন্য কোয়ারেন্টাইন/আইসোলেশন সেন্টার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবে। কোন কর্মকর্তা ও কর্মচারীকে যদি কোয়ারেন্টাইন/আইসোলেশনে রাখার প্রয়োজন হয় তাহলে তাকে এবং তার পরিবারকে কোম্পানির সিএসআর ফান্ড হতে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদান করবেন। এছাড়া ব্যবস্থাপনা পরিচালকগণ সভাকে আরো অবহিত করেন যে, কোম্পানির জনবলকে কয়েকটি গ্রুপে ভাগ করে যথাসম্ভব কম জনবল দিয়ে রোস্টার ভিত্তিতে দাপ্তরিক কাজ সম্পাদন করবেন।

০৫। বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের ডাক্তারগণ জানান যে, এ বিষয়ে তারা সর্বাত্মক চিকিৎসা সহযোগিতা প্রদান করবেন। তবে আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদান করা সহজতর কাজ নয়। এ

ধরণের রোগীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য ডাক্তারদের সুরক্ষিত বিশেষ পোশাক, ভেন্টিলেশন ব্যবস্থা তথা আইসিইউ ইউনিট স্থাপনসহ নানাধরণের চিকিৎসা সরঞ্জামাদির প্রয়োজন হয় যা ব্যক্তিগত পর্যায়ে স্থাপন করা সম্ভবপর নয় মর্মে ডাক্তারগণ সভাকে অবহিত করেন। এক্ষেত্রে ডাক্তারগণ সরকার নির্ধারিত বিশেষায়িত হাসপাতালের সাথে যোগাযোগ রক্ষা করে আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সচেষ্ট থাকবেন।

০৬। সুপারিশঃ সভায় সম্মিলিত আলোচনাক্রমে নিম্নরূপ সুপারিশসমূহ গৃহীত হয়ঃ

ক) বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের দপ্তর, টার্মিনালসহ সকল স্থাপনার প্রবেশমুখে হ্যান্ড সেনিটাইজার-এর ব্যবস্থা রাখতে হবে এবং এর ব্যবহার নিশ্চিত করতে হবে।

খ) বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের দপ্তর, টার্মিনালসহ সকল স্থাপনা এবং এর অভ্যন্তরে প্রবেশকারী সমস্ত গাড়ীকে জীবাণুমুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) সরাসরি অপারেশনাল কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত থাকার বিষয়টি কোম্পানিসমূহকে নিশ্চিত করতে হবে।

ঘ) সকল কর্মকর্তা/কর্মচারীকে দাপ্তরিক কাজের বাইরে যথাসম্ভব বাড়ীতে অবস্থান ও জনসমাগম পরিহার করতে হবে এবং তাদের পরিবারের সদস্যগণকে এ বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে।

ঙ) জনবলকে কয়েকটি গ্রুপে ভাগ করে যথাসম্ভব কম জনবল দিয়ে রোস্টার ভিত্তিতে দাপ্তরিক কাজ সম্পাদন করতে হবে এবং সারাদেশে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে হবে।

চ) করোনা প্রতিরোধে করণীয় সম্পর্কে জনসচেতনতামূলক পোস্টার প্রস্তুত করে তা সকল অফিসের প্রবেশমুখে লাগাতে হবে।

ছ) সন্দেহজনক করোনা রোগীকে চিকিৎসা সেবা দেয়ার জন্য আবাসিক ডাক্তারগণের সুরক্ষিত বিশেষ পোশাক (পিপিই) ও অন্যান্য প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রীর ব্যবস্থা করতে হবে।

জ) বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের আবাসিক চিকিৎসকগণ তাঁর প্রতিষ্ঠানের সন্দেহজনক করোনা রোগীকে সহায়তা প্রদানের জন্য সরকার নির্ধারিত বিশেষায়িত হাসপাতালের সাথে যোগাযোগ রক্ষা করবে।

ঝ) কোম্পানিসমূহ নিজ ব্যবস্থাপনায় তার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কোয়ারেন্টাইন/আইসোলেশন সেন্টার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবে।

ঞ) কোম্পানিসমূহের মেইন ইনস্টলেশন-এ ডেইলি লেবারদের জন্য ডিউটি রোস্টার করে যথাসম্ভব কম শ্রমিকদের মাধ্যমে প্রয়োজনীয় কার্য সম্পাদন করতে হবে।

ট) কোন কর্মকর্তা ও কর্মচারীকে যদি কোয়ারেন্টাইন/আইসোলেশনে রাখার প্রয়োজন হয় তাহলে তাকে এবং তার পরিবারকে সংশ্লিষ্ট কোম্পানি তার নিজস্ব সিএসআর ফান্ড হতে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

ঠ) করোনা প্রতিরোধে কোম্পানিসমূহকে তাদের কাজের অগ্রগতি বিপিসি-কে অবহিত করতে হবে।

০৭। সভাপতি "করোনাভাইরাস এর সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধ"-এ প্রয়োজনীয় কার্য সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৩/২০২০

**(মোহাম্মদ শহীদুল আলম)**
পরিচালক (অর্থ)

নং: ২৮.০৩.০০০০.০০৮.৩০.০০৭.১০.

তারিখ: ২৩/০৩/২০২০

**<u>অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। পরিচালক (অপা: ও পরি:/বন্টন ও বিপণন), বিপিসি।
২। উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ/নিরীক্ষা/বঃ ও বিপঃ/হিসাব/অর্থ/পরিঃ ও উন্নঃ), বিপিসি।
৩। ব্যবস্থাপনা পরিচালক (জেওসিএল/পিওসিএল/এমপিএল/ইআরএল/এলপিজিএল/ইএলবিএল), চট্টগ্রাম।
৪। মহাব্যবস্থাপক, এসএওসিএল, চট্টগ্রাম।
৫। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস/সাকশা/প্রশাসন), বিপিসি।
৬। ব্যবস্থাপক (সংস্থাপন), বিপিসি।
৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
৮। অফিস কপি।

**(কাজী মোহাম্মদ হাসান)**
সচিব
ফোন: ০৩১-৭১৬৪১৩

# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

বিপিসি'র পরিচালক (অর্থ) জনাব মোহাম্মদ শহীদুল আলম এর সভাপতিত্বে ২৩/০৩/২০২০ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত 'করোনাভাইরাস এর সংক্রমণে ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে করণীয়' সভার উপস্থিতি।

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | কাজী মোহাম্মদ হাসান | সচিব, বিপিসি | [স্বাক্ষর] 23/03/2020 |
| ২। | এ টি এম সেলিম | মহাব্যবস্থাপক (হিসাব) বিপিসি | [স্বাক্ষর] 23/03/2020 |
| ৩। | মো: [illegible] | জি এম (অপা: ও উ:) | [স্বাক্ষর] |
| ৪। | মো: নাসির উদ্দিন আনসারী | এম.ডি. জেওসিএল | [স্বাক্ষর] |
| ৫। | মোঃ আজিজুর রহমান | এম.ডি; পিওসিএল | [স্বাক্ষর] 23/03/2020 |
| ৬। | মীর সাইফুল্লাহ-আল-খালেদ | সচিব, জ্বালানি | [স্বাক্ষর] 23/03/20 |
| ৭। | মো: আক্তার হোসেন | জেনারেল ম্যানেজার (প্রশা. অপা.) এম পি এল | [স্বাক্ষর] 23/03/20 |
| ৮। | মোহাম্মদ শহীদুল আলম | ডিরেক্টর (ফিন্যান্স) পিওসিএল | [স্বাক্ষর] 23/3/2020 |
| ৯। | DR. MD. ALAMGIR CHOWDHURY | CMO, POCL | [স্বাক্ষর] 23.3.20 |
| ১০। | Dr. Md. Rezaul Karim | SMO, POCL | [স্বাক্ষর] 23/3/2020 |
| ১১। | ফেরদৌসী মাসুম হিমেল | উপ-মহাব্যবস্থাপক বিপিসি | [স্বাক্ষর] 23/03/2020 |
| ১২। | মোহাঃ শাহরিয়ার জলিল | ব্যবস্থাপক (প্রশাসন), বিপিসি | [স্বাক্ষর] 23/03/2020 |
| ১৩। | মো: ইউনুস হোসেন ভূঁইয়া | GM (Audit), BPC | [স্বাক্ষর] 23.03.2020 |
| ১৪। | ডাঃ মোহাম্মদ আমিন চৌধুরী | সিনিয়র মেডিকেল অফিসার MPL | [স্বাক্ষর] 23/03/2020 |
| ১৫। | মো: মাহমুদ করিম | ডিজিএম (প্রশা. অপা.) | [স্বাক্ষর] 23/03/20 |
| ১৬। | ডা: উত্তম বড়ুয়া | চীফ মেডিকেল অফিসার | [স্বাক্ষর] 23/03/20 |
| ১৭। | মোহাম্মদ মুজিবুর রহমান চৌধুরী | এ,জি,এম (এম,এস) এম,পি,এল | [স্বাক্ষর] 23.3.2020 |
| ১৮। | মুস্তফা কুদরত-ই-ইলাহী | মহাব্যবস্থাপক (বিপণন) [illegible] | [স্বাক্ষর] 23/3/2020 |
| ১৯। | | | |
| ২০। | | | |